


পোকা পরিচিতি

পূর্ণবয়স্ক গান্ধি পোকা ধূসর রঙের এবং কিছুটা সরু আকৃতির। পা এবং শুঁড় দুটো লম্বা।

গান্ধি পোকা ধানের পাতা ও শিষের উপর সারি করে ডিম পাড়ে। সবুজ রঙের বাচ্চা ও পূর্ণবয়স্ক গান্ধি পোকাকার গা থেকে বিশ্রী গন্ধ বের হয়।



পূর্ণবয়স্ক গান্ধি পোকা

ক্ষতি

- ▶ বাচ্চা ও পূর্ণবয়স্ক উভয়ই ধান গাছের দানা থেকে রস শুষে খায় ফলে ধান চিটা হয়।
- ▶ সব মৌসুমেই এ পোকা আক্রমণ করে।

দমন ব্যবস্থাপনা

- ▶ আলোকফাঁদের সাহায্যে দমন করা যায়।
- ▶ প্রয়োজনে শুধু অনুমোদিত কীটনাশক ব্যবহার করা (ধান ক্ষেতের অধিকাংশে যদি প্রতি গোছায় ২-৩টি গান্ধি পোকা দেখা যায়)। কীটনাশক বিকেল বেলায় প্রয়োগ করতে হবে।



গান্ধি পোকা আক্রান্ত ধান